একাদশ শ্রেণি ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

● ৯ রাজনৈতিক দল এবং চাপসৃষ্টিকারী গোষ্ঠী ● ১০ সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকার

❖ সঠিক উত্তরটি নির্বাচন করো(MCQ) (Marks-1)

**1. ভারতের রাজনৈতিক দলগুলিকে স্বীকৃতি দেয়-**

a. নিবাচন কমিশন b. পার্লামেন্ট
c. সুপ্রিমকোর্ট d. রাষ্ট্রপতি

উত্তর : a. নিবার্চন কমিশন

**2. সিটু (CITU) একটি-**

a. রাজনৈতিক দল b. চাপসৃষ্টিকারী গোষ্ঠী
c. (a)ও(b) উভয়ই d. আঞ্চলিক দল

উত্তর : b. চাপসৃষ্টিকারী গোষ্ঠী

**3. দলব্যবস্থা অপরিহার্য-**

a. গনতন্ত্রে b. একনায়কতন্ত্রে
c. রাজতন্ত্রে d. অভিজাততন্ত্রে

উত্তর : a. গনতন্ত্রে

**4. সর্বপ্রথম দলপ্রথার উদ্ভব ঘটে-**

a. ভারতে b. ফ্রান্সে
c. ইংল্যান্ডে d. আমেরিকায়

উত্তর : c. ইংল্যান্ডে

**5. D.M.K একটি ভাষাভিত্তিক দল-**

a. জাতীয় b. সাম্প্রদায়িক
c. ভাষাভিত্তিক d. কোনোটিই নয়

উত্তর : c. ভাষাভিত্তিক

**6. ফরওয়ার্ড ব্লক দল গঠন করেন-**

a. মহাত্মা গান্ধি b. সুভাষচন্দ্র বসু
c. চিত্তরঞ্জন দাশ d. জওহরলাল নেহেরু

উত্তর : b. সুভাষচন্দ্র বসু

**7. ভারতের রাজনৈতিক দলগুলির শ্রেণিবিভাজনের মাপকাঠি নিধারন করে দেয়-**

a. নিবার্চন কমিশন b. পার্লামেন্ট
c. প্রধানমন্ত্রী d. সুপ্রিমকোর্ট

উত্তর : a. নিবার্চন কমিশন

**8. ভারতের দলত্যাগ নিরোধক আইন পাস হয়-**

a. 1985 খ্রিস্টাব্দে b. 1990 খ্রিস্টাব্দে
c. 1995 খ্রিস্টাব্দে d. 2000 খ্রিস্টাব্দে

উত্তর : a. 1985 খ্রিস্টাব্দে

**9. ভারতে আছে বহুদলীয় ব্যবস্থা-**

a. একদলীয় b. দ্বিদলীয়
c. ত্রিদলীয় d. বহুদলীয়

উত্তর : d. বহুদলীয়

**10. ভারতে আঞ্চলিক দল প্রথম সরকার গঠন করে-**

a. মহারাষ্ট্রে b. কেরলে
c. তামিলনাড়ুতে d. পাঞ্জাবে

উত্তর : b. কেরলে

**11. ভারতে জাতীয় দল হিসেবে চিহ্নিত-**

a. বিজেপি b. তৃণমূল কংগ্রেস
c. ডিএমকে d. অকালি দল

উত্তর : a. বিজেপি

**12. ভারতের রাজনৈতিক দলব্যবস্থা সাংবিধানিক স্বীকৃতি লাভ করে-**

a. 1985 খ্রিস্টাব্দে b. 1990 খ্রিস্টাব্দে
c. 1995 খ্রিস্টাব্দে d. 1980 খ্রিস্টাব্দে

উত্তর : a. 1985 খ্রিস্টাব্দে

**13. রাজনৈতিক দলগুলিকে স্বীকৃতি দেয়-**

a. রাষ্ট্রপতি b. প্রধানমন্ত্রী
c. নিবাচন কমিশন d. লোকসভার স্পিকার

উত্তর : c. নিবাচন কমিশন

**14. জাতীয় দল হতে গেলে ভারতের রাজনৈতিক দলকে অন্তত কয়টি রাজ্য স্বীকৃতি পেতে হবে-**

a. 5টি b. 3টি
c. 4টি d. 7টি

উত্তর : c. 4টি

**15. পাঞ্জাবের 'অকালি দল' (Akali) দল হল-**

a. রাজনৈতিক দল b. চাপসৃষ্টিকারী গোষ্ঠী
c. আঞ্চলিক দল d. ভাষাভিত্তিক দল

উত্তর : a. রাজনৈতিক দল

**16. ব্যালটের ব্যবহার ছাড়াও ভারতে আর কোন মাধ্যমে ভোট গৃহীত হয়-**

a. ফেসবুক
b. টুইটার
c. বৈদ্যুতিক ভোটদান যন্ত্র(ইভিএম)
d. LAD

উত্তর : c. বৈদ্যুতিক ভোটদান যন্ত্র(ইভিএম)

**17. মূল সংবিধানের ভারতীয় নাগরিকদের ভোটদানের বয়স ছিল-**

a. 18 বছর b. 21 বছর
c. 20 বছর d. 25 বছর

উত্তর : b. 21 বছর

**18. ভারতে নারী ভোটাধিকার স্বীকৃত হয়-**

a. 1952 খ্রিস্টাব্দে b. 1947 খ্রিস্টাব্দে
c. 1955 খ্রিস্টাব্দে d. 1975 খ্রিস্টাব্দে

উত্তর : a. 1952 খ্রিস্টাব্দে

**19. ভারতীয় সংবিধানের কত নম্বর ধারার সর্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে লোকসভা ও রাজ্য বিধানসভাগুলির নিবাচন অনুষ্ঠানের কথা বলা হয়েছে-**

a. 226 b. 332
c. 326 d. 328

উত্তর : c. 326

**20. মুখ্য নিবাচন কমিশনার এবং অন্যান্য কমিশনারের কার্যকালের মেয়াদ হল-**

a. 4বছর b. 10বছর
c. 5 বছর d. 6বছর

উত্তর : d. 6বছর

**21. ''ভোটাধিকার ব্যক্তির মাথায় রাজমুকুট পরিয়ে তাকে নাগরিক করেছে''- বলেছেন-**

a. প্লেটো b. অ্যারিস্টটল

22. **কারা ভোটাধিকার থেকে বঞ্চিত-**
a. 18 বছরের কম বয়স্ক জনগণ
b. অশিক্ষিত জনগণ
c. দরিদ্র জনগণ
d. নিম্ন সম্প্রদায়ভুক্ত জনগণ
**উত্তর :** a. 18 বছরের কম বয়স্ক জনগণ

23. **বিধানসভা ও লোকসভা নিবাচনে প্রার্থীদের বয়স কমপক্ষে কয় বছর হওয়া উচিত-**
a. 26 বছর    b. 27 বছর
c. 28 বছর    d. 25 বছর
**উত্তর :** d. 25 বছর

24. **নারীর সর্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের প্রথম প্রবক্তা ছিলেন-**
a. জন স্টুয়ার্ট মিল    b. ব্লুন্টস্লি
c. ম্যাকুলে    d. হেনরি
**উত্তর :** a. জন স্টুয়ার্ট মিল

25. **ভারতে অবাধ ও সুষ্ঠু নিবাচনের দায়িত্ব------ ওপর ন্যস্ত-**
a. রাষ্ট্রপতির    b. প্রধানমন্ত্রীর
c. নিবাচন কমিশনের    d. সুপ্রিমকোর্টের
**উত্তর :** c. নিবাচন কমিশনের

❖ **এক কথায় উত্তর দাও(V.S.A.) (Marks-1)**

1. **সাধারনত দলব্যবস্থাকে ক-টি শ্রেণিতে ভাগ করা যায় ও এগুলি কী কী ?**
**উত্তর :** তিনটি ভাগে ভাগ করা যায় । এগুলি হল- (১) একদলীয়, (২) দ্বিদলীয় এবং (৩) বহুদলীয় ব্যবস্থা ।

2. **দ্বিদলীয় ব্যবস্থা কাকে বলে ?**
**উত্তর :** যে রাজনৈতিক ব্যবস্থায় দুটি প্রধান দলের প্রভাব প্রতিপত্তি দেখা যায়, তাকে দ্বিদলীয় ব্যবস্থা বলে ।

3. **ভারতের দুটি প্রধান জাতীয় দলের নাম লেখো ।**
**উত্তর :** (ক) ভারতীয় জাতীয় কংগ্রেস ও (খ) ভারতীয় জনতা পার্টি ।

4. **ধর্মের ভিত্তিতে গঠিত একটি আঞ্চলিক দলের নাম লেখো ।**
**উত্তর :** ধর্মের ভিত্তিতে গঠিত একটি আঞ্চলিক দলের নাম শিবসেনা ।

5. **স্বার্থগোষ্ঠী কাকে বলে ?**
**উত্তর :** যেসব গোষ্ঠীর সদস্যদের মধ্যে সমজাতীয় উদ্দেশ্যগত বৈশিষ্ট্য থেকে অংশীদারি মনোভাব সৃষ্টি হয়, সেগুলিকে স্বার্থগোষ্ঠী বলে ।

6. **স্বতঃস্ফূর্ত স্বার্থগোষ্ঠী কাকে বলে ?**
**উত্তর :** যখন কোনো একটি বিশেষ ঘটনাকে কেন্দ্র করে স্বতঃস্ফূর্তভাবে একটি গোষ্ঠী গড়ে ওঠে, তখন তাকে স্বতঃস্ফূর্ত গোষ্ঠী বলা হয় ।

7. **চাপসৃষ্টিকারী গোষ্ঠী বা Pressure Group-এর মূল লক্ষ্য কী ?**
**উত্তর :** চাপসৃষ্টিকারী গোষ্ঠী বা Pressure Group -এর মূল লক্ষ্য হল সরকারের অংশ না নিয়ে সরকারী নীতি ও কর্মসূচিকে নিজেদের গোষ্ঠীর অনুকূলে নিয়ে আসা ।

8. **ভারতে অধিপত্যশীল দলীয় ব্যবস্থার অবসান কবে ঘটেছে ?**
**উত্তর :** 1989 খিস্টাব্দে নবম লোকসভা নিবাচনের পর থেকে ভারতে অধিপত্যশীল দলীয় ব্যবসথার অবসান ঘটে ।

c. গানার্র    d. ভিক্টর হুগো
**উত্তর :** d. ভিক্টর হুগো

❖ **এক কথায় উত্তর দাও(V.S.A.) (Marks-1)**

9. **বর্তমানে (2021) ভারতে জাতীয় দলগুলির নাম কী ?**
**উত্তর :** নিবাচন কমিশনের 2021-এর সেপ্টেম্বর মাস অনুসারে বর্তমানে ভারতের জাতীয় দলগুলির নাম হল- (১) কংগ্রেস, (২) বিজেপি (৩) সিপিআই এম।(৪) সিপি আই, (৫) বহুজন সমাজ পার্টি, (৬) জাতীয়তাবাদী কংগ্রেস পার্টি,(NCP) (৭) সর্বভারতীয় তৃনমূল কংগ্রেস,(৯) ন্যাশনাল পিউপিলস পার্টি (NPP)

10. **ভারতের কোন সালে সাধারন নিবাচন অনুষ্ঠিত হয় ?**
**উত্তর :** 1952 সালে ভারতে প্রথম সাধারণ নিবাচন অনুষ্ঠিত হয় ।

11. **ভারতে সর্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ব্যর্থতার দুটি কারণ লেখো ।**
**উত্তর :** ভারতের সর্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ব্যর্থতার দুটি কারণ হল- (১) সর্বজনীন শিক্ষার অভাব (২) জাতপাত এবং সাম্প্রদায়িক মনোভাব ।

12. **ভারতের নিবাচন কনিশনের একটি প্রধান কাজ উল্লেখ করো ?**
**উত্তর :** ভোটার তালিকা প্রণয়ন ও সংশোধন ।

13. **সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকার বলতে কী বোঝ ?**
**উত্তর :** সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকার বলতে প্রাপ্তবয়স্ক সকল ব্যক্তির ভোটদানের অধিকারকে বোঝায় ।

14. **বর্তমান ভারতের কমিশনারের সংখ্যা কত ?**
**উত্তর :** বর্তমান ভারতের কমিশনে একজন মুখ্য নিবাচন কমিশনার ও দুজন কমিশনার থাকেন ।

15. **EVMকী ?**
**উত্তর :** EVM হল Electronic Voting Machine বা বৈদ্যুতিন ভোটদান যন্ত্র ।

16. **আঞ্চলিক নিবাচন কমিশনারদের কার্যকালের মেয়াদ কত ?**
**উত্তর :** ৬ মাস ।

17. **ভারতের একজন ভোটদাতার যেকোনো দুটি গুরুত্বপূর্ন যোগ্যতার উল্লেখ করো ?**
**উত্তর :** ভারতের একজন ভোটদাতার যেকোনো দুটি গুরুত্বপূর্ন যোগ্যতা হল-
(ক) নিবাচনি এলাকার বসবাস ।
(খ) আদালত কর্তৃক অপরাধী বলে সাব্যস্ত না হওয়া ।

18. **নারীজাতি ভোটাধিকারের সমর্থনে দুটি যুক্তি দেখাও ।**
**উত্তর :** নারীজাতি ভোটাধিকারের সমর্থনে দুটি যুক্তি হল-
(ক) নারী ও পুরুষের সমানাধিকার
(খ) নারী স্বতন্ত্র ও স্বাধীন ব্যক্তিত্ব ।

19. **নিবাচন কমিশনের কাজের একটি সীমাবদ্ধতা উল্লেখ করো ?**
**উত্তর :** নিবাচন কমিশনের কাজের একটি সীমাবদ্ধতা হল নিবাচনের জন্য কর্মী নিয়োগের ক্ষেত্রে কমিশনের ক্ষমতাহীনতা ।

20. **'কাস্ট ইন ইন্ডিয়ান পলিটিকস ' গ্রন্থটির রচয়িতা কে ?**
**উত্তর :** 'কাস্ট ইন ইন্ডিয়ান পলিটিকস' গ্রন্থটির রচয়িতা অধ্যাপক রজনি কোঠারি ।

❖ <u>কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও(L.A.)</u> (Marks-5)

1. অধিকার বলতে কী বোঝ ? পৌর অধিকার ও রাজনৈতিক অধিকার সম্পর্কে আলোচনা করো ।
2. নির্দেশমূলক নীতি বলতে কী বোঝ ? রাষ্ট্র পরিচালনার জন্য নির্দেশমূলক নীতিসমূহ সংক্ষেপে আলোচনা করো ।
3. নির্দেশমূলক নীতিগুলিকে ক-টি ভাগে ভাগ করা যায় ? ভারতীয় সংবিধানে মৌলিক অধিকারগুলি এবং রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে নির্দেশমূলক নীতিসমূহের মূল পার্থক্য কী ?
4. ভারতের সংবিধানে উল্লেখিত মৌলিক কর্তব্যগুলি উল্লেখ করো।



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: Bangiyo Gramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299